# হাটহাজারী উপজেলা পরিষদ

## চট্টগ্রাম জেলা।

তথ্য বাতায়ন : hathazari.chittagong.gov.bd

**জুলাই, ২০২১ মাসে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী :**

সভাপতি : **জনাব এস এম রাশেদুল আলম**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, হাটহাজারী।

তারিখ ও সময় : ১৫/০৭/২০২১ খ্রি., সকাল : ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা : **পরিশিষ্ট – 'ক'** দ্রষ্টব্য।

সভাপতি জনাব এস এম রাশেদুল আলম কর্তৃক উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচ্যসূচি মোতাবেক ০৭/০৬/২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় সর্বসম্মতক্রমে অনুমোদিত হয় এবং বিভাগীয় কর্মকর্তাদের পর্যায়ক্রমে আলোচনা করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ :

| ক্রঃনং | বিভাগীয় আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন :** ডিজিটাল বাংলাদেশ গঠন ও মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন এবং টেন্ডার প্রক্রিয়া স্বচ্ছ করার লক্ষ্যে অত্র উপজেলায় ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। অত্র উপজেলায় সকল ধরণের উন্নয়ন কাজের টেন্ডার প্রক্রিয়ায় স্বচ্ছতা আনার লক্ষ্যে ই-টেন্ডারের মাধ্যমে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হবে। | অত্র উপজেলা ই-টেন্ডার কার্যক্রম সম্পন্ন হওয়ায় সভায় উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানানো হয়। টেন্ডার প্রক্রিয়া স্বচ্ছ করার লক্ষ্যে অত্র উপজেলায় সকল ধরণের উন্নয়ন কাজের টেন্ডার প্রক্রিয়া ইজিপি'র মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী, চট্টগ্রাম। |
| ০২ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর :**<br>উপজেলা প্রকৌশলী, হাটহাজারী সভায় জানান, গত অর্থ বছরে ১ কোটি ২০ লক্ষ টাকার প্রকল্প অনুমোদিত রয়েছে। কিছু কাজ PIC তে করা হয়েছে। এছাড়া তিনি জানান এতদিন যাবৎ রাজস্ব তহবিল হতে জামানতের আলাদা হিসাব ছিল না যার ফলে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়েছে। তাই সম্প্রতি জামানতের আলাদা হিসাব খোলা হয়েছে বলে সভায় অবহিত করেন। এছাড়া নির্বাচন ও অন্যান্য কারণে জরুরী ভিত্তিতে মাসিক সভার অনুমোদন নিয়ে কিছু প্রকল্পের কাজ করা হয়েছে। এবিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তিনি বলেন মদনহাট বাজারে বহুতল বিশিষ্ট মার্কেট তৈরীর ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়ের অনুমোদনের প্রয়োজন হবে না। এটি সিটি কর্পরেশন বা পৌরসভার ক্ষেত্রে প্রযোজ্য বলে জানান। আমান বাজার-নেয়ামত আলী রোড টেন্ডার প্রক্রিয়ায় কিছু সমস্যা ছিল। আগে টেন্ডার হয়েছিল ১০ফিট করার কিন্তু চলাচলে অসুবিধা ও যানজটের কথা বিবেচনা করে ১২ ফিট করলে ভাল হবে বলে সভায় জানান। এছাড়া গড়দুয়ারা ব্রিজের নাম মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে বলে সভায় অবহিত করেন।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরের উপজেলা রাজস্ব উদ্বৃত্ত(উপজেলা উন্নয়ন তহবিল) এর আওতায়, উপজেলা রাজস্ব তহবিলের আওতায় এবং হাট-বাজার রক্ষণাবেক্ষণ ও উন্নয়নে গৃহীত অবাস্তবায়িত প্রকল্পসমূহ পুন:যাচাইপূর্বক বাস্তবায়নের নিমিত্ত সভার দৃষ্টি আকর্ষণপূর্বক প্রকল্পসমূহ সভায় পুন:উপস্থাপন করেন। এছাড়াও তিনি ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িত প্রকল্পসমূহের জামানত সংশ্লিষ্ট ঠিকাদারদের অনুকূলে ফেরৎ প্রদানের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণপূর্বক সমাপ্তকৃত প্রকল্পের ঠিকাদার প্রতিষ্ঠানের তালিকা সভায় উপস্থাপন করেন। তিনি উপস্থাপিত প্রকল্পসমূহের তালিকা অনুমোদনের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | ক) উপজেলা রাজস্ব উদ্বৃত্ত (উপজেলা উন্নয়ন তহবিল), উপজেলা রাজস্ব তহবিলের আওতায় এবং হাট-বাজার রক্ষণাবেক্ষণ ও উন্নয়নে গৃহীত অবাস্তবায়িত প্রকল্পসমূহ এর আওতায় উত্থাপিত প্রকল্পগুলো সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উক্ত প্রকল্প সমূহ বাস্তবায়নের যাবতীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।<br>খ) উপজেলা প্রকৌশল বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী। |
| ০৩ | **(ক) ডিজিটাল বাংলাদেশ গঠন ও রূপকল্প ২০২১ বাস্তবায়ন:** ডিজিটাল বাংলাদেশ গঠনের মাধ্যমে রূপকল্প ২০২১ অর্জনের লক্ষে সকল অফিস/সংস্থার সেবা প্রদান কার্যক্রম অনলাইনে শুরু করা ওয়েব পোর্টালের সকল কার্যক্রম সম্পন্নকরণ এবং অফিসের যাবতীয় কার্যক্রম ডিজিটালাইজড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**(খ) ইউনিয়ন ডিজিটাল সেন্টার :** দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষে কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে তথ্য প্রযুক্তির উন্নয়ন ও এর মাধ্যমে জনগণকে তথ্য সেবা প্রদান করা | (ক) সকল অফিস/সংস্থার সেবা কার্যক্রম জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষে সকল বিভাগীয় প্রধান ও ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।<br>(খ) ইউনিয়ন ডিজিটাল সেন্টারের | ১। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী।<br>২। বিভাগীয় প্রধান (সকল), |

| | | | |
|---|---|---|---|
| | ইউনিয়ন ডিজিটাল সেন্টার স্থাপনের মূল লক্ষ্য। প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টারের দৈনিক আয়ের হিসাব পরিচালকগণ ব্লগে ও টুলসে প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>**(গ) জন্ম ও মৃত্যু নিবন্ধন :** জন্ম নিবন্ধন কার্যক্রমকে আধুনিকায়ন ও সার্বজনীন জন্ম ও মৃত্যু নিবন্ধনের অনিয়ম দূরীকরণার্থে অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বিষয়ক বিস্তারিত আলোচনা করা হয়।<br>**(ঘ) বিবাহ নিবন্ধন :** বিবাহ নিবন্ধনের ক্ষেত্রে অনেক সময় ভুল জন্ম সনদ দিয়ে অপ্রাপ্ত বয়স্কদের বিবাহ দেয়া হচ্ছে, যা বাল্য বিবাহের মতো গুরুতর অপরাধ। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**(ঙ) নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা নিশ্চিতকরণ :** নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপননের সকল স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে জনসচেতনতা ও প্রচারণার লক্ষে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**(চ) জঙ্গীবাদ নির্মূল ও প্রতিরোধ সংক্রান্ত :** জঙ্গীবাদ নির্মূল ও প্রতিরোধে সকল মসজিদে শুক্রবার জুমার নামাযের পর বিশেষ খুৎবায় আলোচনা, ভাড়াটিয়া ও সন্দেহভাজন লোকের আনাগোনার উপর নজরদারীকরণ, সামাজিক সচেতনতা সৃষ্টি ও সকল শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে জনসচেতনতা ও প্রচারণার লক্ষে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**(ছ) মানব পাচার ও রোহিঙ্গাদের অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধ সংক্রান্ত :** মানব পাচার প্রতিরোধ এবং হাটহাজারীর অভ্যন্তরে কোন রোহিঙ্গা বসবাস ও অনুপ্রবেশ করতে না পারে এবং কোন রোহিঙ্গা যাতে অত্র উপজেলার কোন ইউনিয়নে ভোটার হতে না পারে সে বিষয়ে জনসচেতনতা ও প্রচারণার লক্ষে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দৈনিক আয়ের হিসাব পরিচালকগণ ব্লগে ও টুলসে প্রেরণ অব্যাহত রাখার বিষয়টি নিশ্চিত করতে সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br>(গ) জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে একই ব্যক্তির যাতে দ্বৈত সনদ ইস্যু না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রেখে অনলাইনে জন্ম নিবন্ধন কার্যক্রম অব্যাহত রাখার জন্য ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>(ঘ) বিবাহ নিবন্ধনের ক্ষেত্রে জন্ম সনদ যাচাই পূর্বক বিবাহ নিবন্ধন করার জন্য সংশ্লিষ্টবিবাহনিবন্ধনরেজিস্ট্রার/কাজীদর অনুরোধ করা হয়।<br>(ঙ) খাদ্যের উৎপাদন, আমদানি, মজুদকরণ ও সরবরাহের ক্ষেত্রে যাতে খাদ্যের গুনগত মান অটুট থাকে ও খাদ্যের নিরাপত্তা নিশ্চিত থাকে সে লক্ষে জনসচেতনতা ও প্রচারনা বৃদ্ধির অনুরোধ জানানো হয়।<br>(চ) জঙ্গীবাদ নির্মূল ও প্রতিরোধে সকল মসজিদে শুক্রবার জুমার নামাযের পর বিশেষ খোৎবা বলা, ভাড়াটিয়া ও সন্দেহভাজন লোকের আনাগোনার উপর নজরদারীকরণসহ সামাজিক সচেতনতা ও প্রচারনা বৃদ্ধির অনুরোধ জানানো হয়।<br>(ছ) মানব পাচার প্রতিরোধ এবং হাটহাজারীর অভ্যন্তরে যাতে কোন রোহিঙ্গা বসবাস ও অনুপ্রবেশ করতে না পারে এবং কোন রোহিঙ্গা যাতে ভোটার হতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | হাটহাজারী।<br>২। ইউ,পি চেয়ারম্যান (সকল), হাটহাজারী। |
| ০৪ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ :**<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান, ডেঙ্গু সম্পর্কে সচেতন থাকার অনুরোধ জানান। তিনি বলেন হাটহাজারীতে ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছে যারা ঢাকা থেকে এসেছে। এখানে যে মশা রয়েছে তাতে ডেঙ্গুর জীবানু নেই কিন্তু ডেঙ্গু রোগীকে যদি এডিস মশা কামড়ায় তাহলে ডেঙ্গু হতে পারে। একটি মেডিক্যাল বোর্ড গঠন করা হয়েছে। জ্বর আসার ৩ দিনের মধ্যে ডেঙ্গু পরীক্ষা করাতে হবে। তা না হলে রোগীর অবস্থা খারাপ হবে এবং রোগ নির্নয় করতে কষ্ট হয়ে পড়বে। হাটহাজারীতে ৪০টি ডেঙ্গু পরীক্ষার কীট পাওয়া গেছে এর মধ্যে ৫টি ব্যবহার করা হয়েছে বলে সভায় জানান। | উপজেলা স্বাস্থ্য বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৫ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান যে, ১৮-৩৫ বছর বয়সী যুবকদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ গ্রহণ করে প্রকল্প গ্রহণ করে আত্মকর্মী হন। যুব ঋণ বিতরণ আদায় ৯৮%। সচেতনতামূলক প্রশিক্ষণের আওতায় ৫০ জন মহিলাকে ৩ দিন মেয়াদী প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে জানান। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিত করণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৬ | **উপজেলা সমবায় বিভাগ :**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান সমবায় বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা সমবায় বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিত করণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, হাটহাজারী। |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী জানান, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন ৪টি কর্মসূচির/প্রকল্পের ৭৬টি সমিতি/দলের ২০৫৫ জন সদস্যের দারিদ্র বিমোচনের লক্ষে ২০১৯-২০ অর্থ বছরের পুঁজিগঠন ঋণ বিতরণ ও আদায়ের লক্ষমাত্রা ও অগ্রগতি স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া সাংগঠনিক পুঁজি গঠন ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিংসহ ঋণ বিতরণের বিস্তারিত প্রতিবেদন আগামী সভায় অবহিত করণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৮ | **২নং ধলই ইউপি :**<br>চেয়ারম্যান, ২নং ধলই ইউপি সভায় জানান, তার ইউনিয়নের অনেক রাস্তাঘাট চলাচল অনপুযোগী হয়ে পড়েছে। তিনি এসকল রাস্তা পরিদর্শন করে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৯ | **৪নং গুমানমর্দ্দন ইউপি :** চেয়ারম্যান, ৪নং গুমানমর্দ্দন ইউপি সভায় ডিসি সড়কের বেহাল দশা এ সড়কটি কয়েকটি ইউনিয়নের সংযোগ সড়ক হওয়ায় জনগণের চলাচলে দূর্ভোগ পোহাতে হচ্ছে। তিনি দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১০ | **৬নং ছিপাতলী ইউপি :** চেয়ারম্যান, ৬নং ছিপাতলী ইউপি সভায় জানান, উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে তার ইউনিয়নের বিভিন্ন ভাতাভোগীদের বই বিতরণের জন্য ধন্যবাদ জানান। তিনি জানান আলমের কুম এলাকায় পল্লী বিদ্যুতের একটি খুটি ঝুঁকিপূর্ণভাবে রয়েছে। যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। উক্ত খুটিটি সরানোর জন্য আবেদন করা হয়েছে কিন্তু এখনো পর্যন্ত কোন ব্যবস্থা নেয়া হয়নি। তিনি এবিষয়ে সভায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১১ | **১৩নং দক্ষিণ মাদার্শা ইউপি :**<br>চেয়ারম্যান, ১৩নং দক্ষিণ মাদার্শা ইউপি সভায় জানান, তার ইউনিয়নের দাতারাম সড়কের অনেকদিন ধরে বেহাল দশা। উত্তর মাদার্শা হয়ে ঘুরে আসতে হচ্ছে যা জনগণের সীমাহীন দূর্ভোগের শিকার হতে হচ্ছে। তিনি বলেন যদি উক্ত সড়কের টেন্ডার বাতিল হয়ে যায় তাহলে নতুন করে টেন্ডার প্রক্রিয়া সম্পাদন করে সড়কের সংস্কার কাজ সম্পাদনের অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১২ | **৮নং মেখল ইউপি :**<br>চেয়ারম্যান, ৮নং মেখল ইউপি সভায় মেখল ইউপি'র কয়েকটি সড়কের বেহাল দশার কথা উল্লেখ করে দ্রুত সংস্কার কাজ সম্পাদনের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তিনি কমিউনিটি ক্লিনিকের বিষয়ে বলেন ঠিকমত ডাক্তার যান না। যার ফলে জনগণ স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে। তিনি এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৩ | **৯নং গড়দুয়ারা ইউপি :**<br>চেয়ারম্যান, ৯নং গড়দুয়ারা ইউপি সভায় রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন খাতে যারা প্রাপ্ত বরাদ্দ দ্বারা প্রকল্প বাস্তবায়ন করেনি তাদের দাখিলকৃত প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেন। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৪ | **১১নং ফতেপুর ইউপি :** চেয়ারম্যান, ১১নং ফতেপুর ইউপি সভায় জানান, উপজেলায় সরকারি দপ্তরের বিভিন্ন অনুষ্ঠানের ইউপি চেয়ারম্যানদের দাওয়াত দেয়া হয় না। ইউপি চেয়ারম্যান ব্যতীত মাঠ পর্যায়ে সরকারের গৃহীত কর্মসূচী বাস্তবায়ন সম্ভব নয়। জনপ্রতিনিধি হিসেবে সরকারের কর্মসূচী সম্পর্কে অবগত না হলে সেটি বাস্তবায়ন করা সম্ভব হয়না। তিনি এবিষয়ে সকল বিভাগীয় প্রধানদের দৃষ্টি আকর্ষণ করেন। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৫ | **১৪নং শিকারপুর ইউপি :** চেয়ারম্যান, ১৪নং শিকারপুর ইউপি সভায় জানান, এন্ডারসন রোড ও নেয়ামত আলী রোড এর বেহাল দশা। উক্ত রাস্তাগুলো গুরুত্বপূর্ণ বিধায় জরুরী ভিত্তিতে সংস্কার করা জরুরী। তিনি এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া গুরুত্বপূর্ণ সড়ক হিসেবে ইসলামিয়া সড়কটি ঠিকাদার কর্তৃক ৩ বছর আগে ম্যাকাডম করে চলে গেছে কিন্তু কাজ করছে না বলে জানান। তিনি পুন:টেন্ডার করে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৬ | **১৫নং বুড়িশ্চর ইউপি :** চেয়ারম্যান, ১৫নং বুড়িশ্চর ইউপি সভায় জানান, গত অর্থ বছরের রাজস্ব থেকে যে প্রকল্পগুলো টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের কথা তা বাস্তবায়ন হয়েছে কিনা তা অবগত নন। তিনি বলেন PIC এর মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের কাজের মান ভাল হয়। এছাড়া তার ইউনিয়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তাঘাট সংস্কারযোগ্য হয়ে পড়েছে। তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তিনি জানান তার ইউনিয়নের বিভিন্ন রাস্তার পার্শ্বে ইট, বালি, সিমেন্ট, কংক্রিট রেখে ব্যবসা করে আসছে যার ফলে রাস্তায় যানজটের সৃষ্টি হচ্ছে বলে সভায় অবহিত করেন। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৭ | **মহিলা ভাইস চেয়ারম্যান :**<br>মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান, তার অফিস কক্ষ, ওয়াশ রুম মেরামত, | উপজেলা মহিলা ভাইস | সংশ্লিষ্ট |

| | | | |
|---|---|---|---|
| | আসবাবপত্র ও আনুষঙ্গিক অফিসিয়াল কিছু প্রয়োজনীয় উপকরণের বিষয়ে একাধিকবার বলা হলেও এবিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না। যা কোন ভাবেই কাম্য নয়। তিনি একজন নির্বাচিত জনপ্রতিনিধি হিসেবে কাজ করার উপর্যুক্ত পরিবেশ নিশ্চিত করার জন্য সভার দৃষ্টি আর্কষণ করেন এবং এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | চেয়ারম্যানের অফিস কক্ষ মেরামত, ওয়াশ রুম সংস্কার ও আসবাবপত্র ক্রয় বাবদ ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৮ | <u>ভাইস চেয়ারম্যান</u> :<br>উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান, যারা গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত আছেন তাদের আন্তরিক ও সততার সাথে দায়িত্ব সম্পাদন করার অনুরোধ জানান। সঠিক পরিসংখ্যানের মাধ্যমে দারিদ্রতা ও অন্যান্য সমস্যা সমাধানের প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করেন। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৯ | <u>চেয়ারম্যান</u> :<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী সভায় সকল দপ্তরের দাপ্তরিক কর্মকান্ড সম্পর্কে অবহিত করা, সকল ধরণের বরাদ্দ, পরিকল্পনা মাসিক প্রতিবেদন আকারে সভায় উপস্থাপন করার জন্য সকল দাপ্তরিক প্রধানগণকে অনুরোধ জানান। তিনি জানান সকল সরকারি কর্মকান্ড ও পরিকল্পনা মাঠ পর্যায়ে বাস্তবায়ন করতে হলে এবিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে সকলকে অবগত করতে হবে। অথচ অনেক দপ্তরের অনেক দিবস ও অন্যান্য কর্মকান্ড সর্ম্পকে অনেক ইউপি চেয়ারম্যানগণ অবগত নয়। যা সংশ্লিষ্ট দপ্তর প্রধানের দায়িত্ব পালনে অনীহা ও আন্তরিকতার অভাব রয়েছে মর্মে প্রতীয়মান হয়। তিনি এবিষয়ে সকল বিভাগীয় প্রধানগণকে আরো আন্তরিক ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন। তিনি আরো জানান, সকল ইউপি চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে সকল উন্নয়ন কাজ সম্পাদন করা হবে বলে জানান। ঠিকাদারের কাছ থেকে কোন প্রকার নিম্নমানের কাজ গ্রহণ করা হবে না। সকল উন্নয়ন কাজ টেকসই হতে হবে। অনেক ক্ষেত্রে দেখা যায় ০৬ মাসের মধ্যে রাস্তা নষ্ট হয়ে যায়। যা কোনভাবে হতে দেয়া যাবে না। ইচ্ছামত কাজ করে সরকারি অর্থ তছরূপ করা যাবে না। যথাসময়ে কাজ সম্পাদন করতে হবে, এক অর্থ বছরের কাজ কোনভাবে অন্য অর্থ বছরে সম্পাদন করা যাবে না। উন্নয়ন কর্মকান্ড যথাযথভাবে সম্পাদনের জন্য ঠিকাদারের সাথে সভা করার পক্ষে অভিমত ব্যক্ত করেন। তিনি টেন্ডার প্রাপ্ত ঠিকাদারের তালিকা প্রদানের জন্য উপজেলা প্রকৌশলী দৃষ্টি আকর্ষণ করেন। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী।<br>২। উপজেলা প্রকৌশলী, হাটহাজারী। |

সভাপতি সকল বিভাগের উন্নয়ন কর্মকান্ড যথাসময়ে সম্পন্ন করার এবং অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে পুনঃরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(এস এম রাশেদুল আলম)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হাটহাজারী, চট্টগ্রাম।
ফোন : ০৩১-২৬০১৮০০
ই-মেইল : uzc.hathazari.ctgbd@gmail.com

স্মারক নং : ০০.৫০৮.০০৬.০০.০৮.০০১.২০২১. ৭৮০

তারিখ : ১৮/০৭/২০২১ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :**

১। ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, এমপি, ২৮২ চট্টগ্রাম-৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৫। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
৬। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৭। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৮। উপজেলা ______________________ কর্মকর্তা, হাটহাজারী, চট্টগ্রাম।
৯। চেয়ারম্যান, ______________________ ইউনিয়ন পরিষদ (সকল), হাটহাজারী, চট্টগ্রাম।
১০। সংরক্ষণ নথি।

## পরিশিষ্ট – 'ক'

১৫/০৭/২০২১ খ্রি. তারিখ অনুষ্ঠিত জুলাই মাসের উপজেলা পরিষদের সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জনপ্রতিনিধি/কর্মকর্তাবৃন্দ/অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ) :

### উপস্থিতির তালিকা :

| ক্রঃ নং | উপস্থিত ভাইস-চেয়ারম্যানবৃন্দ : |
|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী। |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী। |

| ক্রঃ নং | উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ : |
|---|---|
| ০১. | চেয়ারম্যান, ১নং ফরহাদাবাদ ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০২. | চেয়ারম্যান, ২নং ধলই ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৩. | চেয়ারম্যান(প্রতিনিধি), ৩নং মির্জাপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৪. | চেয়ারম্যান, ৪নং গুমানমর্দ্দন ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৫. | চেয়ারম্যান, ৫নং নাঙ্গলমোড়া ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৬. | চেয়ারম্যান, ৬নং ছিপাতলী ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৭. | চেয়ারম্যান, ৮নং মেখল ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৮. | চেয়ারম্যান, ৯নং গড়দুয়ারা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৯. | চেয়ারম্যান, ১০নং উত্তর মার্দাশা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১০. | চেয়ারম্যান, ১১নং ফতেপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১১. | চেয়ারম্যান, ১৩নং দক্ষিণ মাদার্শা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১২. | চেয়ারম্যান, ১৪নং শিকারপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১৩. | চেয়ারম্যান, ১৫নং বুড়িশ্চর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |

| ক্র:নং | উপস্থিত উপজেলা পরিষদ সদস্য |
|---|---|
| ০১. | সচিব, হাটহাজারী পৌরসভা। |

| ক্র:নং | উপস্থিত উপজেলা পরিষদ সংরক্ষিত মহিলা সদস্য |
|---|---|
| ০১. | জনাব ইশরাত সাহেরা, সংরক্ষিত মহিলা সদস্য |

| ক্রঃ নং | উপস্থিত কর্মকর্তাবৃন্দ : |
|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাটহাজারী। |
| ০২. | উপজেলা কৃষি কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৩. | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৪. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৫. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৬. | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী। |
| ০৭. | উপজেলা শিক্ষা কর্মকর্তা(প্রতিনিধি), হাটহাজারী। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৯. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাটহাজারী। |
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৩. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৪. | উপজেলা সমবায় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৫. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৬. | সিনিয়র ষ্টেশন অফিসার(প্রতিনিধি), ফায়ার সার্ভিস, হাটহাজারী। |
| ১৭. | ডিজিএম(প্রতিনিধি), পল্লী বিদ্যুৎ সমিতি-৩, হাটহাজারী। |
| ১৮. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা(প্রতিনিধি), হাটহাজারী। |
| ১৯. | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), চট্টগ্রাম যান্ত্রিক পওর শাখা-১/২, পাউবো, চট্টগ্রাম। |
| ২০. | উপ-বিভাগীয় প্রকৌশলী, হাটহাজারী পওর উপ-বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, হাটহাজারী। |
| ২১. | উর্দ্ধতন উপ-সহকারী প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, হাটহাজারী। |
| ২২. | পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা (পজীপ), হাটহাজারী। |

### অনুপস্থিতির তালিকা :

| ক্রঃ নং | অনুপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ : |
|---|---|
| ০১ | চেয়ারম্যান, ১২নং চিকনদন্ডী ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |

| ক্র:নং | অনুপস্থিত উপজেলা পরিষদ সদস্য |
|---|---|
| ০১. | কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, হাটহাজারী উপজেলা। |

| ক্র:নং | অনুপস্থিত উপজেলা পরিষদ সংরক্ষিত মহিলা সদস্য |
|---|---|
| ০১. | জনাব ছেনোয়ারা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য |
| ০২. | জনাব ফাতেমা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য |

| ক্রঃ নং | অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ : |
|---|---|
| ০১. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হাটহাজারী, চট্টগ্রাম। |
| ০২. | রেঞ্জ কর্মকর্তা, হাটহাজারী রেঞ্জ |
| ০৩. | উপ-বিভাগীয় প্রকৌশলী, মদুনাঘাট পওর উপ-বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, হাটহাজারী। |
| ০৪. | সহকারী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, হাটহাজারী। |
| ০৫. | উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প,হাটহাজারী। |
| ০৬. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, হাটহাজারী। |